তথ্যবিবরণী নম্বর: ৭০

# জেলা শিশু কল্যাণ বোর্ডের সভা অনুষ্ঠিত
# দত্তক প্রদানের ক্ষেত্রে নীতিমালা অনুসরণ জরুরি

ময়মনসিংহ (বুধবার, ২৯ নভেম্বর, ২০২৩ খ্রি.):

নবজাতক শিশুকে দত্তক প্রদানের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ অত্যাবশ্যক। সরকারি দপ্তরে আবেদনকারী বাবা-মা বা অভিভাবকের অনুকূলে কোনো শিশুকে দত্তক প্রদানের ক্ষেত্রে নির্দেশনাগুলো দেখা জরুরি। যাচাই-বাছাই সাপেক্ষে বৈশিষ্ট্যগুলো শতভাগ ঠিক হলে তবেই দত্তক। ময়মনসিংহ জেলা শিশু কল্যাণ বোর্ড সভার আলোচনায় এমন সিদ্ধান্ত গৃহীত হয়। নবজাতক শিশুর দত্তক প্রদান বিষয়ক আলোচনসহ বিবিধ লক্ষ্যে জেলা শিশু কল্যাণ বোর্ডের সভা আজ বুধবার দুপুরে (২৯ নভেম্বর) ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে এ বোর্ড সভা অনুষ্ঠিত হয়।

সভায় জানানো হয়, দত্তক গ্রহণে আগ্রহী মা-বাবা বা অভিভাবকের সামাজিক ও পারিবারিক অবস্থান, আর্থিক পরিস্থিতি, আগ্রহ, শর্তপূরণে একমত হওয়া ইত্যাদি সংশ্লিষ্ট বিষয়গুলো বিবেচনায় আনা। ইন্ডিকেটরগুলো কতটুকু মানতে পারবে এবং পূরণ করতে পারবে সেটাও দেখার বিষয়। দত্তক সন্তান সঠিকভাবে লালন-পালনের ক্ষেত্রে অভিভাবকদের জন্য আরো কিছু প্রয়োজনীয় শর্ত বন্ডের মাধ্যমে আরোপ করা যেতে পারে।

বোর্ড কমিটির আলোচনায় জানানো হয়, সম্প্রতি সরকারি দপ্তরের দত্তক চেয়ে একটি সন্তানের বিপরীতে তিনজন অভিভাবকের আবেদন পড়েছে। আবেদনের পরিপেক্ষিতে শিশু কল্যাণ বোর্ডের সদস্যগণের মতামতের ভিত্তিতে যাচাই-বাছাই পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে। প্রয়োজনীয় শর্তসাপেক্ষে নবজাতক শিশুকে দত্তক প্রদান করা হবে।

স্থানীয় সরকার উপপরিচালক মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আরিফুল হক মৃদুল, জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক আ: কাইয়ুম, প্রবেশন অফিসার মোহাম্মদ আসাদুজ্জামান, সিনিয়র জেল সুপারের প্রতিনিধি শাহ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাজনীন সুলতানা, আঞ্চলিক তথ্য অফিসের প্রতিনিধি মোহাম্মদ মনিরুজ্জামানসহ অনেকেই উপস্থিত ছিলেন।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হুদা/রেজভী/সজিব/২০২৩/১৫:০০ ঘন্টা